

2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১৪.৬০.০২.১২৫.২০১২. ৭৪৬

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মৌলভীবাজার জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে টিলাগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে ভূমি বরাদ্দের বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদান।

সূত্রঃ মৌলভীবাজার জেলা পরিষদের স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১.০০৮.০৯.১৮.২৯৬, তারিখঃ ১১/৩/২০১৮।

মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ৯নং টিলাগাঁও ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন পরিষদ কার্যালয় সংলগ্ন ৪নং খতিয়ানের পুকুর শ্রেণীর ৬১ শতক জমি পতিত অবস্থায় রয়েছে। বর্গিত জমি মৌলভীবাজার জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত। ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের লক্ষ্যে উক্ত জমি ইউনিয়ন পরিষদের নামে দান/লিজ/সর্বনিম্ন দরে প্রদানের জন্য টিলাগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মৌলভীবাজার জেলা পরিষদের চেয়ারম্যান বরাবর আবেদন দাখিল করেন। এ বিষয়ে জেলা পরিষদের ২৪/১/২০১৮ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এমতাবস্থায়, মৌলভীবাজার জেলা পরিষদের মালিকানাধীন ৪নং খতিয়ানের পুকুর শ্রেণীর ৬১ শতক জমিতে টিলাগাঁও ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে বর্গিত জমি টিলাগাঁও ইউনিয়ন পরিষদের নিকট হস্তান্তরের বিষয়ে প্রস্তাবিত জায়গাটি সরেজমিনে পরিদর্শন করে একটি প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J. M. in
22/05/2018
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

জেলা প্রশাসক
মৌলভীবাজার।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, মৌলভীবাজার।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
- ৫। উপসচিব, ইউপি-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।